

বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

পটভূমিঃ দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের দারিদ্র্য বিমোচন ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ায় 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি' সংক্ষেপে 'বাপার্ড' প্রতিষ্ঠিত। ইংরেজীতে প্রতিষ্ঠানটি **Bangabandhu Academy for Poverty Alleviation and Rural Development** সংক্ষেপে **BAPARD** নামে পরিচিত। মাননীয় প্রধানমন্ত্রী ২০১১ সালের ১৬ নভেম্বর বাপার্ডের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ২০১২ সালে প্রণীত আইন (১৪ নং আইন) বলে বাপার্ড স্ব-শাসিত প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করে। উল্লিখিত এ প্রতিষ্ঠানটি বিআরডিবি'র আওতায় ১৯৯৭ সালে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প হিসাবে 'বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স' নামে যাত্রা শুরু করে। মাননীয় প্রধানমন্ত্রী ১৩ জুলাই ২০০১ তারিখে কমপ্লেক্সের শুভ উদ্বোধন করেছিলেন।

ভিশনঃ গ্রামীণ মানুষের জীবনমান উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সহায়তা।

মিশনঃ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক বৈষম্য দূরীকরণ এবং গবেষণার মাধ্যমে কৃষি, শিক্ষা ও ক্ষুদ্র শিল্প ক্ষেত্রে নতুন নতুন কৌশল, তত্ত্ব, জ্ঞান এবং লাগসই প্রযুক্তি উদ্ভাবন করে গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। কর্মশালা, সেমিনার আয়োজন করে চিরাচরিত দৃষ্টি ভঙ্গির পরিবর্তন, আধুনিক ধ্যান-ধারণা লাভে গ্রামীণ জনগোষ্ঠিকে সহায়তা করা এবং উপকূলীয় জোয়ার ভাটা ও জলবায়ুর প্রভাব বিবেচনায় রেখে টেকসই উন্নয়নের লক্ষ্যে উন্নত ও আধুনিক কৃষি প্রযুক্তি হস্তান্তর।

লক্ষ্য ও উদ্দেশ্যঃ প্রতিষ্ঠানটি প্রধান কার্যাবলী হলো প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা, সরকারি ও বেসরকারি কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান, পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন বিষয়ক কর্মশালা, সেমিনার আয়োজন। এছাড়া ক্ষুদ্র ও প্রান্তিক চাষি, বিত্তহীন ও বেকার জনগোষ্ঠীর দক্ষতা অর্জনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে কৃষি ও অকৃষি খাতের বিভিন্ন উপার্জনমূলক কর্মকাণ্ডে প্রতিষ্ঠানটি প্রশিক্ষণ পরিচালনা করা। কৃষি কাজে নিয়োজিত শিশু শ্রম নিরসন বিষয়ক গবেষণা ও কৃষি শিশু শ্রমিকদের শিক্ষার মূলধারায় আনয়নের লক্ষ্যে গবেষণা করা। গ্রামীণ দরিদ্র নারীদের সামাজিক নিরাপত্তা, নারীর সার্বিক ক্ষমতায়নের জন্য গবেষণা করা।